

আত্মনির্ভর পদ্ধতি

এটি হাইব্রিড ধানের বীজ উৎপাদনের এমন এক পদ্ধতি যার মাধ্যমে কৃষকরা তার নিজের প্রয়োজনীয় হাইব্রিড বীজ নিজেই উৎপাদন করতে পারে।


এ পদ্ধতির প্রয়োজনীয়তা

হাইব্রিড ধান বীজের অধিক মূল্য ও সীমিত সরবরাহের কারণে আমাদের দেশের কৃষকরা হাইব্রিড চাষে অগ্রহ হারাতে পারেন। তাই যাতে কৃষকরা নিজেরাই হাইব্রিড বীজ উৎপাদন করে নিজের চাহিদা পূরণ করেও অন্য কৃষকদের কাছে বিক্রয় করতে পারে সেজন্য আত্মনির্ভর পদ্ধতি উদ্ভাবন করা হয়েছে। এতে একদিকে যেমন বীজের চাহিদা পূরণ হবে অন্য দিকে কৃষকরা আর্থিকভাবে লাভবান হবে।



হাইব্রিড ধানের বীজ উৎপাদনকারী একজন কৃষক

এই পদ্ধতিতে দূরত্বভিত্তিক সঙ্গনিরোধ (isolation) বিবেচনা না করে কোন হাইব্রিড ধানের প্লটের এক কোণে ৫% জমিতে বীজ উৎপাদনের জন্য রাখা হয় এবং বাকী জমিতে হাইব্রিডের চারা রোপণ করা হয়। এ ক্ষেত্রে বীজ উৎপাদন অংশ, মূল জমির ২১ দিন পর রোপণ করা হয় এবং বীজ উৎপাদন অংশের চারিদিকে ১০ সারি আর লাইনের চারা রোপণ করা হয় যা বাইরে থেকে পরাগরণে বিস্তার প্রতিবন্ধকতার কাজ করে।



সারি অনুপাত = ৮ : ২ ; দূরত্ব = ১৫ সেমি : ১৫ সেমি
X = আর সারি ; O = এ সারি

হাইব্রিড বীজ উৎপাদনের আত্মনির্ভর পদ্ধতির মাঠ নক্সা